



আইসিবি এএমসিএল সেকেন্ড এনআরবি মিউচুয়াল ফান্ড
মেয়াদি থেকে বে- মেয়াদি স্কীমে রূপান্তর সংক্রান্ত
বিশেষ সভার বিজ্ঞপ্তি

আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ এর ব্যবস্থাপনায় পরিচালিত আইসিবি এএমসিএল সেকেন্ড এনআরবি মিউচুয়াল ফান্ড এর সম্মানিত ইউনিট ধারকগণ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আলোচ্য ফান্ডের মেয়াদ আগামী ২৩ জুলাই ২০১৮ তারিখে ১০ (দশ) বছর পূর্ণ হবে। আগামী ২৪ জুলাই ২০১৮ তারিখ থেকে উভয় স্টক এক্সচেঞ্জে ফান্ডটির লেনদেন বন্ধ থাকবে। আলোচ্য ফান্ডে আইসিবি ট্রাস্টি ও কাস্টোডিয়ান হিসেবে দায়িত্ব পালন করছে। গত ১২ জুলাই ২০১৭ তারিখে অনুষ্ঠিত আইসিবি ট্রাস্টি কমিটির সভায় ইউনিট ধারকগণের মতামত সাপেক্ষে মেয়াদি ফান্ডটিকে বে- মেয়াদি স্কীমে রূপান্তর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সে অনুযায়ী ফান্ডের রেকর্ড ডেট/ লেনদেন বন্ধের তারিখ ২৩ জুলাই ২০১৮ এবং কার্যকর তারিখ ২৪ জুলাই ২০১৮ নির্ধারণ করা হয়েছে। এ বিষয়ে ইউনিট ধারকগণের মতামত গ্রহণের জন্য আগামী ০১ আগস্ট ২০১৮ তারিখ রোজ বুধবার বিকাল ৩.০০ ঘটিকায় হোটেল পূর্বাণী ইন্টারন্যাশনাল লিমিটেড, ১ দিলকুশা রোড, ঢাকায় বিশেষ সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভার আলোচ্যসূচী নিম্নরূপঃ

- ০১) আইসিবি এএমসিএল সেকেন্ড এনআরবি মিউচুয়াল ফান্ড মেয়াদি ফান্ড থেকে বে- মেয়াদি স্কীমে রূপান্তর সংক্রান্ত ইউনিট ধারকগণের মতামত গ্রহণ;
- ০২) উপর্যুক্ত ফান্ডের নিরীক্ষা কার্য এবং সম্পদ মূল্যায়নের জন্য নিরীক্ষক নিয়োগ; এবং
- ০৩) বিবিধ।

সম্মানিত ইউনিট মালিকগণকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর পক্ষে

স্বাক্ষরিত/ =

(মোঃ তালেব হোসেন)

উপ- মহাব্যবস্থাপক

ফোনঃ ০২- ৯৫৭০৬১৭

বিশেষ দ্রষ্টব্যঃ

- (১) ২৩ জুলাই ২০১৮ তারিখ রেকর্ড ডেটে আইসিবি এএমসিএল সেকেন্ড এনআরবি মিউচুয়াল ফান্ড এর ধারকগণ ভোট প্রদানের ক্ষমতা সংরক্ষণ করবেন;
- (২) প্রক্সি নিয়োগ লিখিতভাবে হতে হবে এবং প্রত্যেক ইউনিট ধারককে নিজ হাতে অথবা ক্ষমতা অর্পণপত্রের মাধ্যমে ক্ষমতাপ্রাপ্ত আইনসম্মত প্রতিনিধির মাধ্যমে এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে সাধারণ সীলমোহর অথবা এ উদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত আইনসম্মত প্রতিনিধির মাধ্যমে তা সম্পাদন করতে হবে;
- (৩) প্রক্সিপত্র আইসিবি ট্রাস্টি ডিপার্টমেন্ট থেকে সংগ্রহ করা যাবে;
- (৪) প্রক্সিপত্রে অবশ্যই তারিখ উল্লেখপূর্বক প্রয়োজনীয় রেভিনিউ স্ট্যাম্পসহ সভার নির্ধারিত সময়ের অন্তত ৪৮ (আটচল্লিশ) ঘন্টা পূর্বে ট্রাস্টি ডিপার্টমেন্ট, আইসিবি (বিডিবিএল ভবন, লেভেল- ১৭, ৮ রাজউক অ্যাভিনিউ, ঢাকা- ১০০০) জমা দিতে হবে; এবং
- (৫) যে কোন ইউনিট ধারক তাঁর স্বপক্ষে বিশেষ সভায় অংশগ্রহণের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। তবে ভোট প্রদানে যোগ্যতাসম্পন্ন নন এমন কোন ব্যক্তিকে প্রক্সি নিয়োগ করা যাবে না।

